প্রথম আলো

তারিখ 2 8 FEB 2009
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# কুষ্টিয়া সরকারি কলেজে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষ, আহত ১০

কুষ্টিয়া অফিস ●

কলেজ ছাত্রাবাসের নিয়ন্ত্রণ নিয়ে কুষ্টিয়া সরকারি কলেজ ক্যাম্পাসে গত বুধবার ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে ১০ জন আহত হয়েছে। এ সময় বিক্ষুব্ধ ছাত্ররা অধ্যক্ষের কক্ষসহ কলেজের সামনে বেশ কয়েকটি দোকান ভাঙচুর করে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, বেশ কিছু দিন ধরে কুষ্টিয়া শহর যুবলীগের সাধারণ সম্পাদক এনাম হান্নান বিশ্বাসের নেতৃত্বে একদল ছাত্র কলেজের একমাত্র ছাত্রাবাসটি নিয়ন্ত্রণে নেয়। এর পরিপ্রেক্ষিতে কলেজ ছাত্রলীগের সভাপতি এনামুল বারী সুমনের নেতৃত্বে আরেকটি দল ছাত্রাবাসটি নিজেদের নিয়ন্ত্রণে নেওয়ার চেষ্টা করে। এর জের ধরে বুধবার বেলা ১১টার দিকে দুই পক্ষে সংঘর্ষ লেগে যায়। একপর্যায়ে সংঘর্ষ কলেজের বাইরে ছড়িয়ে পড়ে। বিক্ষুব্ধ ছাত্ররা এ সময় অধ্যক্ষের কার্যালয়সহ কলেজের সামনের ৮-১০টি দোকান ভাঙচুর করে। পরে পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

কলেজ ছাত্রলীগের সভাপতি এনামুল বারী সুমন বলেন, 'যুবলীগের এক নেতার নেতৃত্বে বহিরাগত ছাত্ররা ছাত্রাবাসটি নিজেদের দখলে নিয়ে ছাত্রলীগ নেতাদের ওপর বিভিন্ন ধরনের নির্যাতন চালাচ্ছিল। আমরা এর প্রতিবাদ করলে ওরা আমাদের ওপর হামলা চালায়।'

যুবলীগ নেতা এনাম হান্নান বিশ্বাস অভিযোগ করেন, নিজেদের দোষ ঢাকতে সুমনের লোকজন তাদের নামে মিথ্যা অপপ্রচার চালাচ্ছে।

অধ্যক্ষ কাদের হোসাইন চৌধুরী বলেন, 'নিজেদের মধ্যে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে ও ভাঙচুর চালায়।'